শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৭.০০১.১৭-৪৪০

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৬ / ০১ জুলাই ২০১৯

বিষয়ঃ বিজ্ঞ জেলা জজ আদালত, বরগুনায় দায়েরকৃত দেওয়ানী নং-০৯/২০০৮ মামলার রায় ও ডিক্রি এবং দেওয়ানী আপীল নং-৮৮/২০০৯ মামলার রায় অনুযায়ী বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ এর নাম এমপিও শীটে পুন: অন্তর্ভুক্তকরণ

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৩.০০০০.০০৩.০২.০৩৭.১৯-১১১, তারিখ: ২৯/০৪/১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং-৯০০২৩২৬) এর নামে মাদ্রাসা ম্যানেজিং কমিটির জনৈক সহ-সভাপতি কর্তৃক ভূয়া পদত্যাগ পত্র সৃজন করে এমপিও অনুদান থেকে তাঁর নাম কর্তন করার অভিযোগ করা হয় মর্মে জানা যায়।

২। ভূয়া পদত্যাগ পত্র সৃজন করে জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং-৯০০২৩২৬) এর নাম এমপিও অনুদান থেকে কর্তন করার প্রতিকার চেয়ে জনাব মো: মাসুম বিল্লাহ কর্তৃক বর্ণিত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সহসভাপতি, জনাব মহিউদ্দীন গংসহ মোট০৭ (সাত) জনকে বিবাদী করে বিজ্ঞ জেলা জজ আদালত, বরগুনা দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ দায়ের করা হয়। এ মামলায় সরকার পক্ষ তথা সচিব, ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কে বিবাদী করা হয়নি।

৩। উক্ত দেওয়ানী মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক ১৯/০৮/২০০৯ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়-

"অত্র দেওয়ানী মোকদ্দমাটি দোতরফা সূত্রে ৩-৭নং বিবাদীর বিরুদ্ধে এবং একতরফা সূত্রে অন্যান্য বিবাদীদের বিরুদ্ধে বিনা খরচায় ডিক্রী হয়। আরজির "ক" তফছিল বর্ণিত মাদ্রাসায় বাদীর ২০/০১/০৮ তারিখের পদত্যাগ পত্র অবৈধ, অকার্যকর ও যোগাযোগ হওয়ায় উহা বাতিল এবং সেমতে বাদী উক্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক পদে বহাল আছেন মর্মে ঘোষণা প্রদান করা হলো।"

৪। উক্ত রায় ও ডিক্রি এর বিরুদ্ধে মূল মোকদ্দমার বিবাদীগণ কর্তৃক বিজ্ঞ জেলা জজ আদালত বরগুনায় দেওয়ানী আপীল মোকদ্দমা নং-৮৮/২০০৯ দায়ের করা হয়। উক্ত দেওয়ানী আপীল মোকদ্দমায় বিজ্ঞ আপীল আদালত কর্তৃক ০১/১২/২০১১ তারিখে নিম্নরূপ রায় আদেশ প্রদান করা হয়-

"অত্র দেওয়ানী আপীলটি দোতরফা সূত্রে বাদী-রেসপনডেন্টের সহিত এবং একতরফা সূত্রে অন্যান্য রেসপনডেন্টগণের বিরুদ্ধে বিনা খরচায় না-মঞ্জুর হয়। বিজ্ঞ নিম্ন আদালত কর্তৃক প্রদত্ত দে: ০৯/০৮ নং মোকদ্দমায় গত ১১/০৮/০৯ তারিখের রায় এবং ৩০.০৮.০৯ তারিখের ডিক্রি এতদসঙ্গে বহাল রাখা হইল।

তবে উল্লেখ্য যে, বাদী দীর্ঘদিন যাবত নিকাহ রেজিস্ট্রার দায়িত্ব পালন করায় উত্তর কাউনিয়া ছালেহিয়া এবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক পদে দায়িত্ব পালনের ক্ষেত্রে কোন অনিয়ম ত্রুটি এবং গাফিলতি পরিলক্ষিত হইলে এবং তাহার (বাদীর) বিরুদ্ধে দুর্নীতির কোন সুস্পষ্ট অভিযোগ থাকিলে সেই বিষয়ে বিবাদী ম্যানেজিং কমিটি আলোচ্য মাদ্রাসার স্বার্থে ও কল্যানে বাদীর বিরুদ্ধে আইনানুগভাবে তদন্ত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন"

৫। বিজ্ঞ জেলা জজ আদালত, বরগুনা এর উপরি-উক্ত রায়ের আলোকে জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬) প্রধান শিক্ষক, উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা-কে ম্যানেজিং কমিটি কর্তৃক ০১/০২/২০১২ খ্রি: তারিখে চাকুরীতে পুনর্বহাল করা হয় মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বেতাগী, বরগুনা এর ১৮/০৪/২০১২ তারিখের পত্র হতে জানা যায়

৬। কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ এর নাম ফেব্রুয়ারি/২০০৮ মাসে এমপিও শীট হতে কর্তন করা হয় মর্মে ডিএমই এর বিবেচ্যপত্রের উল্লেখ রয়েছে কিন্তু বিবেচ্যপত্রের সাথে সংযুক্ত এমপিও শীটে দেখা যায় বাদী ডিসেম্বর/২০০৭ পর্যন্ত এমপিও প্রাপ্ত হয়েছেন বিধায় জানুয়ারি/০৮ হতে উক্ত প্রধান শিক্ষকের অনুদান প্রাপ্য মর্মে প্রতীয়মান হয়।

৭ বিজ্ঞ জেলা জজ আদালতের রায় এবং প্রাপ্ত অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠান প্রধান জনাব মো: মাছুম বিল্লাহ কে জানুয়ারি/০৮ মাস থেকে বকেয়া অনুদান এমপিওশীটে নাম পুন:অন্তর্ভুক্তি করা আবশ্যক মর্মে ডিএমই এর পত্রে উল্লেখ রয়েছে।

৮ বিজ্ঞ জেলা জজ আদালত, বরগুনায় দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ মামলার রায় ও ডিক্রি এবং দেওয়ানী আপীল নং-৮৮/২০০৯ মামলার রায় অনুযায়ী বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ এর নাম এমপিওশীটে পুন:অন্তর্ভুক্তিসহ জানুয়ারি/২০০৮ মাস হতে বকেয়া অনুদান প্রদানের বিষয়ে ডিএমই হতে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

চলমান-০২

৯। ডিজি, ডিএমই কর্তৃক প্রেরিত কাগজপত্র ,মামলার রায় এবং তৎসংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদ এর সহসভাপতি (জনৈক মহিউদ্দীন গং) কর্তৃক এবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬) এর নামে ভূয়া পদত্যাগ পত্র সৃজন করে এমপিওশীট হতে এবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬) এর নাম কর্তন করা হয়।

১০। উক্ত ভূয়া পদত্যাগ পত্রের বিষয়টি চ্যালেঞ্জ করে এবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬) কর্তৃক দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ দায়েরক্রমে পদত্যাগ পত্রটি ভূয়া মর্মে বিজ্ঞ দেওয়ানি আদালত কর্তৃক রায় ঘোষিত হয়েছে। এখানে উল্লেখ্য যে, দেওয়ানী আপিল মোকদ্দমা নং-৮৮/২০০৯ মামলায়ও দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ মামলার রায় বহাল থাকে।

১১। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ এবং আপিল মামলা নং-৮৮/২০০৯ কোন মামলাতেই সরকার তথা সচিব, টিএমইডি বা ডিজি, ডিএমই- কাউকেই পক্ষভুক্ত করা হয়নি।

১২। SR Act 1877 এর 43 ধারায় উল্লেখ রয়েছে, "Declaration made under this chapter is binding only on the parties to suit". অর্থাৎ মামলায় পক্ষভূক্তগণের উপরই আদালতের আদেশ মান্য/বাস্তবায়ন করার দায়-দায়িত্ব বা বাধ্যবাধকতা বর্তায়। ফলে দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ মামলার ১৯/০৮/২০০৯ তারিখের রায়/আদেশ এবং দেওয়ানি আপিল মামলা নং-৮৮/২০০৯ মামলায় প্রদত্ত রায়/আদেশ বাস্তবায়নের দায় সরকার তথা টিএমইডি এর উপর বর্তায় না বিধায় দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ মামলার ১৯/০৮/২০০৯ তারিখের রায়/আদেশ অনুযায়ী জানুয়ারি/০৮ হতে বর্তমান পর্যন্ত উক্ত প্রধান শিক্ষক মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬) এর বকেয়া অনুদান প্রদানের কোন সুযোগ নেই।

১৩। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

ক. যেহেতু দেওয়ানী মোকদ্দমা নং-০৯/২০০৮ এবং দেওয়ানী আপিল মোকদ্দমা নং-৮৮/২০০৯ এর রায় অনুযায়ী স্বতন্ত্র এবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬) এর কথিত পদত্যাগ পত্রটি ভূয়া এবং জাল প্রমানিত হয়ে পদত্যাগ পত্রটি বাতিল, অকার্যকর ঘোষিত হয়ে স্বপদে বহালের আদেশ হয়েছে সেহেতু বিজ্ঞ আদালতে রায় এবং ডিজি, ডিএমই এর সুপারিশ অনুযায়ী বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদরাসার প্রধান শিক্ষক জনাব মো: মাছুম বিল্লাহ (ইনডেক্স নং- ৯০০২৩২৬)-কে স্বপদে বহালক্রমে জুন/২০১৯ মাস হতে অনুদান তালিকায় অন্তর্ভুক্তিসহ অনুদান চালু করা;

খ. যেহেতু উক্ত মামলাগুলোতে সরকার পক্ষভুক্ত ছিল না সেহেতু উপরি-উক্ত মামলাসমূহে বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়নের বাধ্যবাধকতা সরকারের উপর যেমন বর্তায় না তেমনিভাবে মামলার রায় মতে কোনরূপ আর্থিক সুবিধা (বকেয়া অনুদান) প্রদানের বিষয়েও সরকারের উপর কোনরূপ বাধ্যবাধকতা নেই মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে জানিয়ে দেয়া;

গ. যেহেতু উক্ত মামলাগুলোতে সরকার পক্ষভুক্ত ছিলনা সেহেতু উপরি-উক্ত মামলাসমূহে বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়নের বাধ্যবাধকতা সরকারের উপর যেমন বর্তায় না তেমনিভাবে মামলার রায় মতে কোনরূপ আর্থিক সুবিধা (বকেয়া অনুদান) প্রদানের বিষয়েও সরকারের উপর কোনরূপ বাধ্যবাধকতা নেই মর্মে স্পষ্ট হওয়ার পরও ডিজি, ডিএমই কর্তৃক বকেয়া প্রদানের জন্য সুপারিশ সঠিক হয়নি মর্মে স্পষ্ট হয় সেহেতু বকেয়া এমপিও প্রদান বিষয়ে সুপারিশ করার সময় আরো সতর্কতা অবলম্বন করা;

১৪ এমতাবস্থায়, উপরিউক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার ফলাফল আগামি ২১/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০১/৭/১৯

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

**অনুলিপিঃ**

১ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২ সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩ অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪ যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫ সভাপতি, ম্যানেজিং কমিটি, উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদরাসা, উপজেলা- বেতাগী, জেলা- বরগুনা।
৬ প্রধান শিক্ষক, উত্তর কাউনিয়া ছালেহিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদরাসা, উপজেলা- বেতাগী, জেলা- বরগুনা।
৭ অফিস কপি/মাষ্টার কপি।